আমার সংবাদ

তারিখ 18 MAR 2015

পৃষ্ঠা ৮ কলাম ৮

# নওগাঁর মাদ্রাসা সুপার ও সভাপতির অপসারণ দাবিতে বিক্ষোভ

■ নওগাঁ প্রতিনিধি

নওগাঁর মান্দা উপজেলার জাফরাবাদ আদর্শ দাখিল মাদ্রাসার সুপার ইসমাইল হোসেন ও ম্যানেজিং কমিটির সভাপতি সেফাতুল্যা খানের বিরুদ্ধে অর্থ আত্মসাৎসহ নিয়োগ বাণিজ্যের অভিযোগে মাদ্রাসা কক্ষে তালা ঝুলিয়ে বিক্ষোভ করেছে এলাকাবাসী ও ভুক্তভোগীরা। সোমবার সকালে মাদ্রাসা কক্ষে তালা ঝুলিয়ে ওইদিন বিকেলে বিক্ষুব্ধ গ্রামবাসী মাদ্রাসা প্রাঙ্গণে বিক্ষোভ করে। এই ঘটনার সময় মাদ্রাসার সুপার ও সভাপতি মাদ্রাসা থেকে পালিয়ে যান। অভিযোগকারীদের মধ্যে ম্যানেজিং কমিটির সদস্য দেলোয়ার হোসেন, আবদুস সালাম, আজিজার রহমান জানান, ওই মাদ্রাসায় সহকারী মৌলভী শিক্ষক ও অফিস সহকারীর শূন্য পদে নিয়োগ দেওয়ার প্রলোভন দিয়ে জাফরাবাদ গ্রামের পারভীন খাতুনসহ অনেকের অর্থ আত্মসাৎ করেন সুপার ইসমাইল হোসেন ও সভাপতি সেফাতুল্যা খান। মাদ্রাসা সুপার ইসমাইল হোসেন বলেন, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক নয়। পছন্দের প্রার্থীকে নিয়োগ দেওয়ার জন্য একটি মহল এসব অপতৎপরতা চালাচ্ছে।